গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
সাধারণ শাখা

জেলা উন্নয়ন সমন্বয় কমিটির ডিসেম্বর/২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ আব্দুল আহাদ<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৮ ডিসেম্বর, ২০১৮ খ্রি:। |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ ‘খ’ ‘গ’ ও ‘ঘ’ দ্রষ্টব্য |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।অত:পর অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক) সুনামগঞ্জকে কার্যবিবরণী অনুযায়ী সভার কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করেন। অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক) সুনামগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিভিন্ন বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | বিভাগ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **পুলিশ বিভাগ** | পুলিশ সুপার, সুনামগঞ্জ এর প্রতিনিধি জানান যে, পুলিশ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আইন শৃঙ্খলা পরিস্থিতি, জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সর্বস্তরের মানুষকে নিয়ে ব্যাপক সামাজিক আন্দোলন গড়ে তোলার প্রক্রিয়া অব্যাহত আছে এবং নদী পথে চাঁদাবাজী বন্ধে পুলিশী কার্যক্রম জোরদার করা হচ্ছে। লাইসেন্স বিহীন চালক, ও ফিটনেস বিহীন মটরযান সমূহের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করার লক্ষ্যে স্থানীয় প্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের সাথে আলোচনাক্রমে নাশকতামূলক কর্মকান্ড সংঘটিত হতে না পারে এবং শান্তি শৃঙ্খলা বাজার রাখার জন্য জোর নজরদারী করা হচ্ছে। সীমান্তবর্তী সুনামগঞ্জ সদর, ছাতক, বিশ্বম্ভরপুর, দোয়ারাবাজার, তাহিরপুর, মধ্যনগর এলাকায় বিজিবি কর্তৃক টহল অব্যাহত থাকতে হবে। সুনামগঞ্জ-সিলেট আঞ্চলিক মহাসড়কসহ জেলার সকল আঞ্চলিক সড়কের গুরুত্বপূর্ণ স্থান যেমন, গোবিন্দগঞ্জ, জাউয়াবাজার, পাগলাবাজার, শান্তিগঞ্জ বাজারে যাত্রী পারাপারে জেব্রাক্রসিং/ ডিভাইডার করে দিতে হবে। নদী ভাঙ্গান/নদীর তীর ভাঙ্গাণ রোধে অবৈধ বালু উত্তোলনকারী/অবৈধ বোমা | পুলিশ সুপার, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | | মেশিন ব্যবহারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। ধোপাজান-চলতি নদী বালুমহালে পরিবেশ ক্ষতিগ্রস্থ হয় এমন কাজ কোথায়ও করতে দেয়া হবে না।<br>**সিদ্ধান্ত:**<br>ক)জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সমুন্নত রাখা, যানজট নিয়ন্ত্রণে ট্রাফিক ব্যবস্থা জোরদারকরনে প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত রাখার জন্য পুলিশ সুপার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) সুনামগঞ্জ-সিলেট আঞ্চলিক মহাসড়কসহ জেলার সকল আঞ্চলিক সড়কের গুরুত্বপূর্ণ স্থান যেমন, গোবিন্দগঞ্জ, জাউয়াবাজার, পাগলাবাজার, শান্তিগঞ্জ বাজারে যাত্রী পারাপারে জেব্রাক্রসিং/ডিভাইডার করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) নদী ভাঙ্গান/নদীর তীর ভাঙ্গান রোধে অবৈধ বালু উত্তোলনকারী/অবৈধ বোমা মেশিন ব্যবহারকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) ধোপাজান-চলতি নদী বালু মহালে পরিবেশ ক্ষতিগ্রস্থ হয় এমন কাজ কোথায়ও করতে দেয়া হবে না মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ২. | **জেলা পরিষদ** | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (দায়িত্বরত), সুনামগঞ্জ সভায় জানান যে, ২০১৮-২০১৯ অর্থবছরে গৃহীত ৩৫১টি প্রকল্পের মধ্যে ৩২৫টি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। ৪৬টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে।<br>**সিদ্ধান্ত:**<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ চলমান উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৩. | **স্বাস্থ্য বিভাগ** | সিভিল সার্জন, সুনামগঞ্জ সভায় জানান সুনামগঞ্জ জেলায় বর্তমানে ২৩৪ টি কমিউনিটি ক্লিনিক চালু আছে। প্রতিটি কমিউনিটি ক্লিনিকে নিয়মিত মা সমাবেশ হচ্ছে এবং নরমাল ডেলিভারি সেবা বাড়ানো হচ্ছে। ডায়রিয়া, ম্যালেরিয়া ও প্রাকৃতিক দুর্যোগ জেলার কোথাও ডায়রিয়া ও ম্যালেরিয়ার প্রকোপ নেই। ডায়রিয়া ও ম্যালেরিয়ার ঔষধ মজুদ সন্তোষজনক। জেলার ম্যালেরিয়া ঝুঁকিপূর্ণ কোন কোন উপজেলায় হঠাৎ দু/একটি ম্যালেরিয়া রোগী পাওয়া গেলেও নভেম্বর/১৮ মাসে কোন ম্যালেরিয়া রোগী পাওয়া যায়নি। ম্যালেরিয়া পরিস্থিতি স্বাভাবিক।ইপিআই কার্যক্রম: জেলায় ইপিআই টিকাদান কভারেজ হার সন্তোষজনক। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ইতোমধ্যে বাংলাদেশকে পোলিও মুক্ত ঘোষণা করলেও উক্ত অবস্থা ধরে রাখার জন্য এএফপি সহ ইপিআই সংশ্লিষ্ট বিভিন্ন রোগের সার্ভিলেন্স চলমান আছে।<br>সিভিল সার্জন, সুনামগঞ্জ পুরাতন হাসপাতাল ভবনের গ্যাস সংযোগটি সুনাগঞ্জ সদর হাসপাতালে নতুন ভবনে দ্রুত সংযোগ স্থাপনের জন্য অনুরোধ করেন। গ্যাস সংযোগ না থাকার কারনে জরুরী সেবা ব্যাহত হচ্ছে। বিষয়টি জন গুরুত্বপূর্ণ বিধায় দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত:**<br>ক)সুনামগঞ্জ জেলার কমিউনিটি ক্লিনিকসহ স্বাস্থ্য সেবা এবং জনসেবায় স্বাস্থ্য বিভাগের কার্যক্রম জবাবদিহিতার আওতায় আনার জন্য সিভিল সার্জন, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) সুনামগঞ্জ সদর হাসপাতালে নতুন ভবনে দ্রুত গ্যাস সংযোগ দেয়ার জন্য ব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সিভিল সার্জন, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৪. | **গণপূর্ত বিভাগ** | নির্বাহী প্রকৌশলী, গণপূর্তবিভাগ, সুনামগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।সার্কিট হাউজ সম্প্রসারণের প্রাক্কলন তৈরীর কাজ চলছে। আগামী এক মাসের মধ্যে দরপত্র আহবানের মাধ্যমে কাজ সম্পন্ন করতে হবে। প্রায় ৮০ কোটি টাকা ব্যয়ে সুনামগঞ্জ টেক্সটাইল কলেজ নামে একটি কলেজ স্থাপন করা হবে। সুনামগঞ্জ মেডিকেল কলেজের ডিপিপি প্রণয়নের কাজ সম্পন্ন করা হলে পরবর্তী কাজ শুরু করা হবে। বিশ্বম্ভরপুর থানা ভবনের কাজটি দ্রুত বাস্তবায়ন করার ব্যবস্থা নিতে হবে। তাহিরপুর, জগন্নাথপুর, ধর্মপাশায় সার্ভার স্টেশন স্থাপন এর কাজ চলমান, দিরাই উপজেলাধীন ধল ভূমি অফিস নির্মাণ প্রকল্প বাস্তবায়ন হচ্ছে। সুনামগঞ্জ জেলায় চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ভবন নির্মাণ কাজ চলমান। সুনামগঞ্জ নার্সিং কলেজের স্থান পাওয়া গেছে, সার্ভে রিপোর্ট স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি বলেন, সীমানার মধ্যে বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত ভবন এবং বিজ্ঞ চীফ জুডিসিয়াল আদালত ভবনের মতো সরকারের অতীব গুরুত্বপূর্ণ স্থাপনাও রয়েছে। গণপূর্ত অধিদপ্তরের নির্ধারিত প্ল্যান/ডিজাইন ও সরকারের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত অননুমোদিত স্থাপনা জননিরাপত্তা ও শৃঙ্খলার জন্য হুমকি স্বরূপ। এছাড়া জেলা প্রশাসকের কার্যালয় সীমানার মধ্যে যে সকল অবৈধ স্থাপনা রয়েছে তাঁর তালিকা প্রস্তুতক্রমে অপসারনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করেন।<br>**সিদ্ধান্ত:**<br>ক) গণপূর্ত বিভাগ কর্তৃক চলমান প্রকল্পগুলো সংশ্লিষ্ট প্রকল্প স্থানে বিস্তারিত তথ্য টানানো এবং অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণ ও দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) সার্কিট হাউজ সম্প্রসারণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>গ) চলমান প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৫. | **কৃষি সম্প্রসারণ অধিদপ্তর** | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। খরিপ-২ মৌসুমে রোপা আমন ধানের বীজতলা তৈরীর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে৭৪,২১৪ হেক্টর। এ বছর ৮২,৬১৫ হেক্টর জমিতে রোপা আমন আবাদ করা হয়েছে যা লক্ষ্য মাত্রার চেয়ে ১১% বেশী। এ সময়ে কোন উপজেলা হতে রোপা আমন আবাদের কোন সমস্যা পরিলক্ষিত হয়নি। আশা করা যাচ্ছে যে, আবহাওয়া অনুকূলে থাকলে রোপা আমন আবাদ উৎপাদন লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে। আউশ আবাদের ফলন আশানুরূপ ভাল হওয়ায় এবং কোন প্রাকৃতিক দূর্যোগ কবলিত না হওয়ায় ফলন ভাল হয়েছে।চাষাবাদের জন্য পাওয়ার টিলার সরকারিভাবে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও ধান কর্তন/মাড়াইয়ের জন্য হারভেস্টিং মেশিন সরবরাহ করতে হবে। তাহিরপুর, বিশ্বম্ভরপুর, ধর্মপাশা, সদর, দোয়ারাবাজার এ প্রচুর শাক-সবজি চাষ করা হয়েছে। এ জেলার বোরো ধান আবাদ ও উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২,১৭,৫৩৫ হেক্টর জমি। আগামী এক সপ্তাহের ১০০ ভাগ বীজতলা তৈরীর কাজ সম্পন্ন হবে।<br>**সিদ্ধান্ত:**<br>ক)রোপা আমন চাষের লক্ষ্যমাত্রা অনুযায়ী কৃষকগণকে চাষাবাদে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) পতিত জমি চাষের আওতায় আনার লক্ষ্যে উপজেলা কৃষি অফিসারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য উপজেলা পর্যায়ে সভা আহবান করা এবং কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ বিতরণের জন্য উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>গ)সরকারিভাবে চাষাবাদের জন্য পাওয়ার টিলার বরাদ্দ এবং ধান কর্তন/মাড়াইয়ের জন্য হারভেস্টিং মেশিন সরবরাহ করতে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জকে অনুরোধ করা।<br>ঘ) বোরো ধান আবাদে কৃষকদের সহযোগিতার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-পরিচালক,<br>কৃষি সম্প্রসারণ<br>অধিদপ্তর, সুনামগঞ্জ |
| ৬. | **পানি উন্নয়ন বোর্ড** | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পওর বিভাগ-১ ও পওর বিভাগ-২ সনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | | সুনামগঞ্জ সভায় জানান যে, কিছু কিছু উপজেলায় বাঁধের উপর পানি রয়েছে, তবে কিছু দিনের মধ্যে পানি নেমে গেলে প্রত্যেক উপজেলার হাওর রক্ষা বাঁধের এসেসমেন্ট সম্পন্ন করা হয়েছে। ঝুঁকিপূর্ণ বাঁধগুলোতে সঠিকভাবে এসেসমেন্ট সম্পন্নসহ মাটির বিষয়টি নিশ্চিত করতে হবে। জগন্নাথপুর উপজেলার নলুয়ার হাওরের উজানের হাওরগুলোসহ অত্যন্ত সতর্কতার সাথে যাচাই-বাছাই করে প্রকল্প নিতে হবে। যাতে করে নলুয়ার হাওরের উজানে সবকটি হাওরসহ নলুয়ার হাওর অকাল বন্যার হাত থেকে রক্ষা করা যায়। নলুয়ার হাওর রক্ষা বাঁধটি স্থায়ী বাঁধে রূপান্তরের ব্যবস্থা নিতে হবে।<br>দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার পাথারিয়া বাজার সুরমা উচ্চ বিদ্যালয়ের সংলগ্ন নদী ভাঙ্গনের কাজ জিও প্রক্রিয়ায় আছে। দোয়ারাবাজার উপজেলার সুরমা নদীর চর কেটে বা খনন করে নদী ভাঙ্গনের স্থায়ী সমাধান করতে হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ বলেন, নদী ভাঙ্গনের ফলে উপজেলা পরিষদ ভবনসহ অন্যান্য স্থাপনা হুমকির মুখে। বর্তমানে কাজ খুব ধীর গতি চলছে। সামনে বর্ষা মৌসুম, এখনও কাজ দ্রুত শুরু করা না হলে ভবিষ্যতে ভয়াভহ পরিস্থিতির সম্মুখীন হতে হবে।<br>সভাপতি বলেন, বাঁধের কাজ দ্রুত শুরু করতে হবে। এছাড়া দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার পাথারিয়া বাজার সুরমা উচ্চ বিদ্যালয় সংলগ্ন নদী ভাঙ্গনের কাজ এবং দোয়ারাবাজর উপজেলায় নদী ভাঙ্গনের ফলে উপজেলা পরিষদ ভবনসহ গুরুত্বপূর্ণ স্থাপনা হুমকির মুখে। দ্রুত ব্যবস্থা গ্রহনের জন্য পানি উন্নয়ন বোর্ড, নির্বাহী প্রকৌলশী, পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>ক)বিগত বছরের ন্যায় চলতি বছরেও পানি উন্নয়ন বোর্ডের আওতায় জেলার বোরো ফসল রক্ষায় সেই একই উদ্যোগে প্রকল্প গ্রহণ ও কাজ বাস্তবায়নের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) জগন্নাথপুর উপজেলায় নলুয়ার হাওরের পানি নিষ্কাশনের ব্যবস্থা এবং নলুয়ার হাওরের উজানের হাওরগুলো রক্ষার জন্য বর্তমান অর্থবছরে পিআইসির মাধ্যমে ঐ সকল হাওর রক্ষার ব্যবস্থা গ্রহণের | |

| | | | |
|---|---|---|---|
| | | জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>গ) দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার দরগাপাশা ইউনিয়নের আক্তারপাড়া (মিনা বাজার) নদী ভাঙ্গান এবং পাথারিয়া বাজার সুরমা উচ্চ বিদ্যালয়ের সংলগ্ন নদী ভাঙ্গান রোধ এবং দোয়ারাবাজার উপজেলার সুরমা নদীর ভাঙ্গান রোধে স্থায়ী সমাধানের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জকে | |
| ৭. | **সড়ক ও জনপথ বিভাগ** | নির্বাহী প্রকৌশলী, সওজ, সুনামগঞ্জ-সিলেট মহাসড়কের গোবিন্দগঞ্জ এলাকায় একলেন কাজ শেষ করে যানচলাচলের উন্মুক্ত করে দেয়া হয় এবং ২য় লেনের কাজ দ্রুত শেষ করা হবে। এছাড়া আগামী মাসের মাঝা-মাঝি সময় মহাসড়কের অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা করা হবে। রাস্তার পাশে পল্লী বিদ্যুৎতের খুটির কারনে কাজ করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করে।<br>সভাপতি, বলেন সুনামগঞ্জ-সিলেট মহাসড়কের কাজ খুব ধীর গতিতে চলছে। আগামী বর্ষার আগে কাজ দ্রুত শেষ করার জন্য নির্বাহী প্রকৌললী, সড়ক ও জনপথ, সওজকে অনুরোধ করেন।<br>**সিদ্ধান্ত:**<br>ক) সিলেট-সুনামগঞ্জ সড়কের উন্নয়ন কাজ জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) সুনামগঞ্জ জেলায় সিলেট-সুনামগঞ্জ জাতীয় সড়কসহ সকল সড়ক ও মহাসড়কে অবৈধ স্থাপনা দ্রুত অপসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ জানানো হয়।<br>গ) দিরাই-শাল্লা রাস্তার কাজ দ্রুত সমাপ্তকরণের জন্য নির্বাহী প্রকৌশলী, সওজ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>ঙ) ছাতক গোবিন্দগঞ্জ সড়কে যে ব্রীজগুলো সবচেয়ে ঝুঁকিপূর্ণ সেগুলো দুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা করা এবং গোবিন্দগঞ্জ পয়েন্ট ভাঙ্গা রাস্তা মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সুনামগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ৮. | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর** | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ বলেন যে, এ জেলার তাহিরপুর উপজেলায় যাদুকাটা নদীর উপর ৭০৪ মি. ব্রীজের কাজ চলমান রয়েছে। এছাড়াও ৫টি ব্রীজের টেন্ডার কাজ গ্রহণের পূর্বে পরিবেশের ছাড়পত্র গ্রহণ ও বাস্তাবয়ন কাজ হচ্ছে। হিলিপ এবং হিমলিপ এর সার্বিক কার্যক্রম জবাবদিহিতার আওতায় এনে টেকশই উন্নয়নের লক্ষ্যে কাজ করা হচ্ছে। জেলার জনগুরুত্বপূর্ণ বিভিন্ন রাস্তার মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সদয় অনুমোদনের জন্য প্রেরণে করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে ২০ কোটি টাকা রাজস্ব খাত হতে পাওয়া গেছে, ছাতক পোয়াইন নদীর ৪৭০ মি: এপ্রোচ সড়কের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) সিলেট-সুনামগঞ্জ সড়কের উন্নয়ন কাজ জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ)এ জেলার গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার আঞ্চলিক মহাসড়কটির নামকরণ পরিবর্তন করে সুনামগঞ্জ-দোয়ারাবাজার-ছাতক-গোবিন্দগঞ্জ নামকরণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>গ) সুনামগঞ্জ জেলায় সিলেট-সুনামগঞ্জ জাতীয় সড়কসহ সকল সড়ক ও মহাসড়কে অবৈধ স্থাপনা দ্রুত অপসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ জানানো হয়।<br>ঘ) দিরাই-শাল্লা রাস্তার কাজ দ্রুত সমাপ্তকরণের জন্য নির্বাহী প্রকৌশলী, সওজ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>ঙ) ছাতক গোবিন্দগঞ্জ সড়কে যে ব্রীজগুলো সবচেয়ে ঝুঁকিপূর্ণ সেগুলো দ্রুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা করা এবং গোবিন্দগঞ্জ পয়েন্ট ভাঙ্গা রাস্তা মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৯. | **বিদ্যুৎ বিভাগ** | নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ ও জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, সুনামগঞ্জ সভায় জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। জেলার যে সকল গ্রাম বা এলাকা এখনও পর্যন্ত বিদ্যুতের আওতায় আসেনি সে সমস্ত গ্রাম/এলাকায় বিদ্যুৎ ব্যবস্থার আওতায় এনে শতভাগ বিদ্যুতায়নের পদক্ষেপ গ্রহণ করে ২০১৯ সালের মধ্যে সম্পন্ন করতে হবে। দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার সকল গ্রাম বিদ্যুতের আওতায় এনে গ্রাহক পর্যায়ে ইতোমধ্যে শতভাগ বিদ্যুৎ বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক)সুনামগঞ্জ জেলার সকল উপজেলার গ্রাম বা এলাকা শতভাগ বিদ্যুতায়নের পদক্ষেপ গ্রহণ করার  জন্য নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, সুনামগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ক) নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়নবোর্ড, সুনামগঞ্জ।<br>খ) জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, সুনামগঞ্জ। |
| ১০. | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ সভায় জানান যে, তাঁর বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। জেলা শহরে পানি সরবরাহ প্রকল্প, পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প, জাতীয় স্যানিটেশন প্রকল্প (৩য়) পর্যায়, থানা সদর ও গ্রোথ সেন্টারে পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (২য়) পর্যায় কার্যক্রম চলমান। দিরাই ও ছাতক পৌরসভায় ২টি সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ কাজ চলমান রয়েছে এবং জগন্নাথপুর পৌরসভায় সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ কাজ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক তদন্তধীন আছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) মেয়র, জগন্নাথপুর পৌরসভাকে গৃহীত প্রকল্প ‘সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট’ নির্মাণ কাজের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এ বিষয়টি দ্রুত নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হয়।<br>খ) অন্যান্য প্রকল্পগুলো দ্রুত শেষ করার জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, অধিদপ্তর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১১. | **শিক্ষা বিভাগ** | জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ বলেন, সুনামগঞ্জ জেলার সকল সরকারী উচ্চ বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ শিক্ষক সংকটের কারণে পাঠদান ব্যাহত হচ্ছে এবং শিক্ষার্থীরা কাঙ্খিত শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। বিশেষ করে জগন্নাথপুর সরকারি উচ্চ বিদ্যালয় এবং তাহিরপুর সরকারী উচ্চ বিদ্যালয় শিক্ষক স্বল্পতা প্রকট। প্রমাপ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন অব্যাহত রাখাসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। শিক্ষা বিভাগের সঠিক তথ্য ও চলমান প্রকল্পের তালিকা এবং জেলার সরকারি উচ্চ বিদ্যালয়ের স্কুলওয়ারী শূন্য পদের তালিকা সভাপতি মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।<br>**সিদ্ধান্ত :**<br>ক) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এবং বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার জন্য জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) শিক্ষা বিভাগের সঠিক তথ্য ও চলমান প্রকল্পের তালিকা এবং জেলার সরকারি উচ্চ বিদ্যালয়ের স্কুলওয়ারী শূন্য পদের তালিকা প্রেরণের এবং নিয়োগ কার্যক্রম গ্রহণের জন্য জেলা শিক্ষাঅফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>গ) জগন্নাথপুর সরকারি উচ্চ বিদ্যালয়সহ জেলার সকল সরকারি বিদ্যালয়ে প্রয়োজনীয় জনবল পদায়নে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১২. | **প্রাথমিকশিক্ষা বিভাগ** | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। বিদ্যালয়ে ছাত্র-শিক্ষকের উপস্থিতি নিশ্চিতকরণ করা হচ্ছে। রাজস্ব খাতভূক্ত সহকারী শিক্ষক নিয়োগ-২০১৪ এর চূড়ান্ত ফলাফলের ভিত্তিতে ৩২৭ জন প্রার্থীকে নিয়োগ প্রদান করা হয়েছে। জেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক, সহকারী শিক্ষকের শূণ্য পদের তালিকা প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শূণ্যপদে প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক নতুন করে নিয়োগের ব্যবস্থা নিতে হবে। প্রাথমিক বিদ্যালয়সমূহ দর্শন/পরিদর্শন করে জেলা প্রশাসক বরাবর প্রতিবেদন দেয়ার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও বিভিন্ন বিভাগের জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে পুনরায় অনুরোধ করা হয়। আগামী জানুয়ারি বই উৎসব হবে। বই উৎসবকে সামনে রেখে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) জেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক, সহকারী শিক্ষকের শূণ্য পদের তালিকা প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শূণ্যপদে প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক নতুন করে নিয়োগের কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা,শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিতকরণসহ প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন করার জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>গ) ১ জানুয়ারি বই উৎসব সুন্দরভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলা প্রাথমিক শিক্ষা, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও জেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তা।<br>২।জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সুনামগঞ্জ জানানযে, পরিবার পরিকল্পনা বিভাগের ইউনিয়ন হতে জেলা পর্যায়ের সকল তথ্য ওয়েব পোর্টালে আপলোড দেয়া হয়েছে। স্বাভাবিক কার্যক্রম সন্তোষজনক। ৪৩টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রের কার্যক্রম চলমান আছে। সাইনবোর্ডসহ সকল উন্নয়ন কাজের তালিকা প্রস্তুত করে ওয়েব পোর্টালে আপলোড দিতে হবে। ইসলামপুর ইউনিয়নের মা ও শিশু কল্যাণ কেন্দ্রের স্থায়ী ভবন নির্মাণের বিষয়টি অধিগ্রহণের প্রক্রিয়া আছে। মাঠ পর্যায়ে কর্মকর্তাগণের মনিটরিং/সুপারভিশন জোরদার, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় ইমাম, জনপ্রতিনিধি এবং সচেতন জনগণের মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধকরণের কার্যক্রম চলমান আছে। সুনামগঞ্জ জেলাধীন বিভিন্ন উপজেলায় সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে নরমাল ডেলিভারি সেবা প্রদানের ব্যবস্থা চলমান রয়েছে। সেবা সপ্তাহ ২৪-২৯ নভেম্বর পর্যন্ত পালন করা হয়। সিলেট বিভাগের মধ্যে সেবা সপ্তাহ পালনে সুনামগঞ্জ জেলা প্রথম হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) বিভাগীয় কার্যক্রম আরও নিবিড়ভাবে মনিটরিংসহ পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ)পরিবার পরিকল্পনা বিভাগে স্বাস্থ্য সেবা সম্পর্কিত সর্বশেষ সকল কার্যক্রম নাম, মোবাইল ফোনসহ জেলা ওয়েব পোর্টাল, উপজেলা ওয়েব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোড করার জন্য উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ জানানো হয়।<br>গ) প্রত্যাশিত সেবা প্রদানের স্বার্থে ছাতক উপজেলার ইসলামপুর ইউনিয়নের মা ও শিশু কল্যাণ কেন্দ্রের স্থায়ী ভবন নির্মাণের বিষয়টি দ্রুত বাস্তাবায়ন করতে হবে। | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১৪. | **স্বাস্থ্য প্রকৌশল** | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।<br>**সিদ্ধান্ত:**<br>ক) সভায় উপস্থিতি এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ নিয়মিত কার্যপত্র প্রেরণের জন্যসহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ। |
| ১৫. | **বিএডিসি (বীজ)** | সিনিয়র সহকারী পরিচালক (বীজ), বিএডিসি, সুনামগঞ্জ সভায় জানান পতিত জমি আবাদে কৃষকদেরকে বীজ বিতরণের জন্য উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাদের নির্দেশনা দেয়া হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ পতিত জমি আবাদে কৃষকদেরকে বীজ বিতরণের পাশাপাশি উৎসাহিত করার জন্য সিনিয়র সহকারী পরিচালক (বীজ), বিএডিসি, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক (বীজ), বিএডিসি, সুনামগঞ্জ। |
| ১৬. | **বিএডিসি (সেচ)** | সহকারী প্রকৌশলী (সেচ), বিএডিসি, সুনামগঞ্জ বিভিন্ন কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন।<br>**সিদ্ধান্ত:**<br>ক) নিয়মিত কার্যপত্র প্রেরণ করার জন্য সহকারী প্রকৌশলী (সেচ), বিএডিসি, সুনামগঞ্জকে অনুরোধ করা হয় ।<br>খ) দোয়ারাবাজার উপজেলার বোগলাবাজারে রাবার ড্যামের উপরে পাহাড়ি ঢলে স্তুপ কৃত মাটি, বালু অপসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (সেচ), বিএডিসি, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | **প্রাণিসম্পদ অধিদপ্তর** | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সভায় বলেন যে, তাঁর বিভাগ কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরে গৃহিত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ হয়েছে। শংকর জাতের বাছুর উৎপাদনে এ পর্যন্ত ১৪% লক্ষমাত্রা অর্জিত হয়েছে। গবাদিপশু, হাঁসমুরগীর যথাযথ চিকিৎসা প্রদানের জন্য সকল উপজেলা মৎস্য প্রাণিসম্পদ কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) গবাদী পশু, হাস-মুরগীর জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন কার্যক্রম জোরদারকরন এবং দেশী উন্নত জাতগুলো সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) উন্নত ঘাস চাষ সম্প্রসারণ ও প্রাণি-পাখির খাদ্য প্রস্তুতকারী কারখানা স্থাপনে উৎসাহ প্রদান, প্রাণি-পাখির টিকা উৎপাদন, প্রদান ও চিকিৎসা ব্যবস্থার সম্প্রসারণ, উন্নত খামার ব্যবস্থাপনায় কৃষকদের প্রশিক্ষণ প্রদান, নতুন খামার স্থাপনে বেসরকারি খাতকে উৎসাহ প্রদান এবং প্রয়োজনীয় উপকরণ সরবরাহের নিশ্চয়তা বিধান, ভূমিহীন কৃষক ও গ্রামীণ মহিলাদের জন্যে প্রাণি-পাখি প্রতিপালনের বিশেষ প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, সুনামগঞ্জ। |
| ১৮. | **খাদ্য অধিদপ্তর** | জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সভায় জানান যে, এ জেলার বিভিন্ন এলএসডিতে বর্তমানে ১৩৩৪৪ মে.টন চাল, ২২৯ মে.টন গম মজুদ রয়েছে। মজুদ সন্তোষজনক পর্যায়ে আছে। এ জেলার অনুকূলে ১৫৭৮৩ মে.টন আতপ চাল, ৪৮৫২ মে.টন সিদ্ধ চাল এবং ৭৫০০ মে.টন ধান সংগ্রহ হয়েছে। লক্ষ্যমাত্রা এখনও অর্জিত হয়নি। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগ্রহী কৃষক পরিবার হতে ধান-চাল সংগ্রহে অভিযান অব্যাহত আছে।<br>**সিদ্ধান্ত:**<br>কৃষকগণ যাতে সরসরি খাদ্য গুদামে ধান ও চাল সরবরাহ করতে পারে সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়। তাছাড়া যথাযথ পর্যবেক্ষণের মাধ্যমে জেলার ৮৮ টি ইউ/পি তে ভোক্ত কার্ডের মাধ্যমে ১০ টাকা কেজি চাল বিতরণ অব্যাহত রাখার জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১৯. | **মৎস্য বিভাগ** | জেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ জানান যে, এ জেলায় নভেম্বর/২০১৮ মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বিভিন্ন উপজেলায় ২০ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানে ১,৩৫,০০ মিটার কারেন্ট জাল আটক পূর্বক ধ্বংস করা হয়। এছাড়া মাছের রোগবালাই ও আহরণোত্তর বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।<br>**সিদ্ধান্ত:**<br>হাওরে পোনা মাছের বৃদ্ধি নিশ্চিতকরণে পোনা মাছ নিধন ও কারেন্ট জাল ব্যবহার বন্ধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য জেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | ক) জেলা পর্যায়েরসকল দপ্তর প্রধান।<br>খ) বিভাগীয় প্রধান (সকল)।<br>গ) জেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ। |
| ২০. | **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর** | সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ সভায় জানান সিলেট জোনের আওতায় এ জেলার ১৫টি কলেজের কাজ শেষ হয়েছে, ৩টি কলেজের কাজ শুরুর পর্যায়ে রয়েছে। সুনামগঞ্জ সরকারি কলেজের ৩(তিন) তলা ভবনের ছাদের কাজ সমাপ্ত করা হয়েছে এবং সামনের রাস্তার কাজও সমাপ্ত হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) তাঁর বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও মনিটরিংকরার জন্য সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ। |
| ২১. | **সমবায় অধিদপ্তর** | জেলা সমবায় অফিসার, সুনামগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান যে, জেলার নিবন্ধনকৃত সমবায় সংগঠন ও মৎসজীবী সমবায় সমিতিগুলো অডিট কার্যক্রম চলমান আছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) বিভাগের নিবন্ধনকৃত সমবায় সংগঠন ও মৎসজীবী সমবায় সমিতি গুলো অডিট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জেলা সমবায় অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) সমবায় বিভাগের সমিতিগুলো অডিট কার্যক্রমসহ সকল তথ্যাবলি ওয়েব পোর্টাল আপলোড করার জন্য জেলা সমবায় অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা সমবায় কর্মকর্তা, সমবায় অধিদপ্তর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ২২. | **কর বিভাগ** | কর কমিশনার, সুনামগঞ্জ সার্কেলে মোট করদাতার সংখ্যা ১৭৫২৮ জন। ২০১৮-১৯ অর্থ বছরে মোট লক্ষ্যমাত্রা-৯৪.১১ কোটি । সভায় আরও জানানো হয় যে জুলাই-নভেম্বর ০৫(পাঁচ) মাস রির্টান গ্রহণ করার সময় করদাতা সনাক্তের জন্য জরিপ কার্যক্রয় চালানো হয়েছে। নতুন করদাতা সনাক্ত করা হচ্ছে। এ জেলায় করের আওতা বাড়ানোসহ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যাপক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও পাথর, বালুমহাল ও ড্রেজার ব্যবসায়ীদের করের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) সকল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করে করের আওতা বাড়ানোর লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার জন্য কর কমিশনার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয় ।<br>খ) এ জেলার সকল পাথর, বালুমহাল ও ড্রেজার ব্যবসায়ীদের করের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর কমিশনার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-করকমিশনার,সুনামগঞ্জ। |
| ২৩. | **ফায়ার সার্ভিস** | সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সুনামগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান যে, এ জেলায় ছাতক, জগন্নাথপুর ও সুনামগঞ্জ সদর উপজেলায় ফায়ার স্টেশন চালু আছে। দিরাই ও বিশ্বম্ভরপুর উপজেলার ফায়ার স্টেশনের কাজ আগামী ডিসেম্বর মাসে শেষ হবে। শাল্লা, জামালগঞ্জ ও ধর্মপাশা উপজেলায় ফায়ার স্টেশনের কাজ চলমান রয়েছে। দোয়ারাবাজার ফায়ার স্টেশনের জমি অধিগ্রহণের জন্য ভূমি মন্ত্রণালয়ে পুন: প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং<br>তাহিরপুর উপজেলায় ফায়ার স্টেশনের জমি নির্বাচন কার্যক্রম চলমান।<br>**সিদ্ধান্ত:**<br>ক) জেলার সকল উপজেলায় ফায়ার স্টেশন স্থাপনের কাজ দ্রুত সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সহকারী পরিচালক, ফায়ার ও সিভিল ডিফেন্স, সুনামগঞ্জকে অনুরোধ করা হয় । | সহকারী পরিচালক,ফায়ার সার্ভিস, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ২৪. | **আনসার ও ভিডিপি** | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সুনামগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে এবং আনসার ও ভিডিপি'র ১১০জন সদস্যকে অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষণ প্রদান চলমান। উপজেলায় গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, নিয়মিত উপস্থিতি এবং যথাসময়ে কার্যপত্র প্রেরণ নিশ্চিত করার জন্য জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি, সুনামগঞ্জ। |
| ২৫. | **জেলা নির্বাচন অফিস** | জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান যে, অক্টোবর ২০১৮ এর মধ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের কার্যক্রম চলমান রয়েছে। জেলা নির্বাচন অফিসের সামনের রাস্তায় একটি গাছ পড়ে থাকায় গাড়ী চলাচলে সমস্যা সৃষ্টি হচ্ছে এটা দ্রুত অপসারণের ব্যবস্থা করতে হবে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) নিয়মিত কার্যপত্র প্রেরণ, সভায় উপস্থিত থাকা এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ ) জেলার সকল উপজেলায় প্রত্যেকটি ভোট কেন্দ্রের যোগাযোগ ব্যবস্থা কেমন এবং বিদ্যুৎ সংযোগ আছে কিনা, তা সরেজমিন তদন্তপূর্বক আগামী জেলা উন্নয়ন সভায় প্রতিবেদন পেশ করার জন্য জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জক অনুরোধ করা হয়। | জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ২৬. | **সমাজসেবা অধিদপ্তর** | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সুনামগঞ্জ সভায় জানান,২০১৮-২০১৯ অর্থ বছরে সুনামগঞ্জ জেলায় বয়স্ক ভাতাভোগীর সংখ্যা ৮০৩২ জন বৃদ্ধি পেয়ে মোট ভাতাভোগীর সংখ্যা ৬৮৪৫২ জন হয়েছে। ২০১৮-২০১৯ অর্থ বছরে সুনামগঞ্জ জেলায় বিধবা ও স্বামী পরিত্যাক্তা দু:স্থ মহিলা ভাতাভোগীর সংখ্যা মোট ২০৭৭৪ জন হয়েছে। ২০১৮-২০১৯ অর্থ বছরে সুনামগঞ্জ জেলায় অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীর সংখ্যা ১৬০১০ জন হয়েছে। ''ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পূনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান'' শীর্ষক কর্মসূচির আওতায় এ জেলায় ১৫,৪০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। এর মধ্যে ৯,৪০,০০০/-টাকা দ্বারা ৫০ জন ভিক্ষুককে পুনর্বাসন করা হয়েছে। ৬,০০,০০০/- টাকা দ্বারা ৪০ জন ভিক্ষা বৃত্তিতে নিয়োজিত ব্যক্তিকে পুনর্বাসনের প্রক্রিয়া চলমান আছে।<br>**সিদ্ধান্ত:**<br>ভাতা প্রদানের ক্ষেত্রে সবচেয়ে দুর্বল ও অসহায় ব্যক্তি যেন প্রাধান্য পায় তা নিশ্চিত করার জন্য উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। তাছাড়া দরিদ্র মেধাবী ছাত্র/ছাত্রী, অসহায় রোগীদের জেলা সমাজকল্যাণ পরিষদ হতে আর্থিক সহায়তা প্রদানের বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | উপপরিচালক, সমাজসেবাঅধিদপ্তর, সুনামগঞ্জ। |
| ২৭. | **পাসপোর্ট** | সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, সুনামগঞ্জ জানান জনগণকে সঠিক সময়ে পাসপোর্ট প্রদানের বিষয়ে কার্যক্রম চলছে। নভেম্বর/১৮ মাস পর্যন্ত ৩,১৯৯ জন আবেদনকারীকে সেবা প্রদান করা হয়েছে এবং ১,০৯,০৮,০০০/- টাকা সরকারী রাজস্ব আদায় হয়েছে। বর্তমানে আবেদনের সাথে ডিজিটাল জন্ম সনদ বাধ্যতামূলক করা হয়েছে। হাতের লেখা কোন জন্ম সনদ গ্রহণ করা হয় না।<br>**সিদ্ধান্ত:**<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ পাসপোর্ট গ্রহণে যাতে জনগণের কোন ভোগান্তি না হয়, সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ২৮. | **পরিসংখ্যান বিভাগ** | উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ সভায় বিভিন্ন কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন।<br>**সিদ্ধান্ত:**<br>ক) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ নিয়মিত কার্যপত্র প্রেরণের জন্য উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ। |
| ২৯. | **ঔষধ তত্ত্বাবধায়ক** | ঔষধ তত্ত্বাবধায়, ঔষধ প্রশাসন, সুনামগঞ্জ জানান নভেম্বর/১৮ মাসে ৭০টি ঔষধের দোকান পরিদর্শন করা হয়। ঔষধের দোকান পরিদর্শনকালে এন্টিবায়োটিক বিক্রয় সচেতনতামূলক লিফলেট এবং রেজিস্টার প্রদান করা হয়। এছাড়া আনুমানিক ১০,২০০ টাকার ঔষধ জব্দ করা হয়। ১৬টি নতুন লাইসেন্স প্রদান করা হয়েছে। লাইসেন্স নবায়ন বাবদ ৯৩,৯৫০/= টাকা রাজস্ব আদায় করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) ড্রাগ লাইসেন্স ও ট্রেড লাইসেন্সবিহীন কোন ঔষধ প্রতিষ্ঠান যেন ব্যবসা পরিচালনা করতে না পারে সে বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য ঔষধ তত্ত্বাবধায়ক, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) ঔষধ কেনা-বেচার দোকান নিয়মিত পরিদর্শন অব্যাহত রেখে কোন অনিয়ম পরিলক্ষিত হলে উক্ত দোকানের ড্রাগ লাইসেন্স বাতিল এবং চিকিৎসকদের মধ্যে ঔষধ কোম্পানী কর্তৃক প্রদত্ত স্যাম্পল যাতে বাজারজাত না হয় এ বিষয়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য ঔষধ তত্ত্বাবধায়ক, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>গ) সব দোকানে এন্টিবায়োটিক বিক্রয় সচেতনামূলক লিফলেট এবং রেজিস্ট্রার প্রদান করার জন্য ঔষধ তত্ত্বাবধায়ক, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | ঔষধ তত্ত্বাবধায়ক, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৩০. | **সঞ্চয় বিভাগ** | সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস, সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের বিষয়ে কোন আলোচনা করা যায়নি।<br>**সিদ্ধান্ত:**<br>ক) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ও নিয়মিত উপস্থিতি এবং জেলা উন্নয়ন সমন্বয় সভায় কার্যপত্র প্রেরণের জন্য সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) জেলার বিশেষ জনগোষ্ঠী যেমন- মহিলা, অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা,-কর্মচারী বয়োজ্যেষ্ঠ নাগরিক প্রবাসী বাংলাদেশী, শারীরিক প্রতিবন্ধী ও সমাজের প্রান্তিক জনগোষ্ঠী কে আর্থিক ও সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় আনয়নে জেলা সঞ্চয় অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, সুনামগঞ্জ। |
| ৩১. | **শিশু বিষয়ক** | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সুনামগঞ্জ জানান বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>**সিদ্ধান্ত:**<br>জেলা পর্যায়ে সকল অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা,শিশু একাডেমি, সুনামগঞ্জ। |
| ৩২. | **বিসিক** | উপ-ব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র (বিসিক), সুনামগঞ্জ সভায় জানান বিসিক শিল্পনগরী, ওয়েজখালী, সুনামগঞ্জ এ পর্যন্ত মোট ১১৬ টি শিল্প প্লট আছে। তন্মধ্যে এ পর্যন্ত ৪৭ টি শিল্প ইউনিটের অনুকূলে মোট ৮৬ টি শিল্প প্লট বরাদ্দ দেয়া হয়েছে। অবশিষ্ট ৩০টি প্লট দীর্ঘ প্রায় ০১ (এক) বছর যাবত কোন আগ্রহী উদ্যোক্তাদের আবেদন না পাওয়ায় বরাদ্দ দেয়া সম্ভব হচ্ছে না। বিগত ০৭/১১/১৮ তারিখে ভূমি প্লট বরাদ্দ কমিটির ২৫তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০৪ জন শিল্প উদ্যোক্তার আবেদন পাওয়া যায়। বর্তমানে আরও ২৬টি শিল্প প্লট রয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>বরাদ্দবিহীন ২৬টি প্লট বরাদ্দ প্রদান প্রয়োনজীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-ব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র (বিসিক), সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-ব্যবস্থাপক, শিল্পসহায়ককেন্দ্রবিসিক, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৩৩. | **জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন** | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, সুনামগঞ্জ জানান যে,নিয়মিত সেবা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত:**<br>জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, সুনামগঞ্জ এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হয়। | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, |
| ৩৪. | **ক্রীড়া বিভাগ** | জেলা ক্রীড়া অফিসার, সুনামগঞ্জ<br>সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের বিষয়ে কোন আলোচনা করা যায়নি।<br>২০১৭-১৮ অর্থ বছরে ক্রীড়া পরিদপ্তর কর্তৃক উপজেলা ভিত্তিক বিভিন্ন খেলার উপর ০৪(চার) মাস ব্যাপি প্রশিক্ষণ এবং ০৪(চার) টি প্রতিযোগিতা মোট ০৮(আট)টি কর্মসূচি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। নির্দেশিকা ও বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ২০১৮-১৯ অর্থবছরের ক্রীড়া কর্মসূচি গ্রহণ করা হবে।<br>**সিদ্ধান্ত:**<br>ক)২০১৮-১৯ অর্থবছরের নির্দেশিকা ও বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ক্রীড়া কর্মসূচি গ্রহণের জন্য জেলা ক্রীড়া অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা ক্রীড়া অফিসার,<br>সুনামগঞ্জ। |
| ৩৫. | **ইসলামিক ফাউন্ডেশন** | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জ জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে।প্রত্যেক উপজেলায় মডেল মসজিদ নির্মাণের জন্য নির্বাচিত স্থানের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা সহ প্রত্যেক উপজেলায় মডেল মসজিদ নির্মাণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) এ জেলার প্রত্যেকটি উপজেলায় একটি করে মডেল মসজিদ, জেলা মডেল মসজিদ নির্মাণের লক্ষ্যে প্রস্তাবিত স্থানগুলো যথাযথ হয়েছে কিনা; তা পুনরায় পর্যালোচনা করার জন্য উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-পরিচালক ইসলামিক ফাউন্ডেশন,<br>সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৩৬. | **জেলা মার্কেটিং** | জেলা মার্কেটিং অফিসার, সুনামগঞ্জ সভাকে জানান, নিয়মিত বাজারদর ও বাজার মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) নিয়মিত কার্যপত্র প্রেরণ, বাজার দর ও বাজার মনিটরিং কার্যক্রম গতিশীল করার জন্য জেলা মার্কেটিং অফিসারকে অনুরোধ করা হয়।<br>খ) দৈনন্দিন প্রতিবেদন জেলা ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদ করার জন্য জেলা মার্কেটিং অফিসারকে অনুরোধ করা হয়। | জেলা মার্কেটিং অফিসার, সুনামগঞ্জ। |
| ৩৭. | **বন বিভাগ** | রেঞ্জ বন কর্মকর্তা, সুনামগঞ্জ রেঞ্জ সভায় বলেন যে, ৩০ লক্ষ শহীদের স্মরণে সুনামগঞ্জ জেলায় ৩৭১৫২টি চারা (বনজ, ফলজ ও ঔষধিসহ) বিনামূল্যে বিতরণ করা হয়েছিল। শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক চারাগুলোর নজরদারী করার ব্যবস্থা নিতে হবে। তিনি আরও জানান সুনামগঞ্জ বন বিভাগ তালের চারা উৎপাদন করে না।তবে ২০১৮-১৯ অর্থবছর হতে বজ্রপাত নিরোধে তালের চারা উৎপাদনের ব্যবস্থা নেয়া হচ্ছে। নির্ধারিত সময়ে জেলা পর্যায়ে বৃক্ষ মেলা আয়োজন করা হবে।<br>**সিদ্ধান্ত :**<br>ক)সুনামগঞ্জ জেলা হাওর অধ্যুষিত বজ্রপাত প্রবণ এলাকা বিধায় মানুষের জানমালের নিরাপত্তার জন্য বজ্রপাত নিরোধে তালের চারা উৎপাদন, বিতরণ ও ফলনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য রেঞ্জ বন কর্মকর্তা, বন বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | রেঞ্জ বন কর্মকর্তা সুনামগঞ্জ রেঞ্জ সুনামগঞ্জ। |
| ৩৮. | **জেলা কারাগার** | জেল সুপার, সুনামগঞ্জ সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। জেলের সকল কয়েদীদের উন্নত খাবারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং নিয়মিত কার্যপত্র প্রেরণের জন্য জেল সুপার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেল সুপার, জেলা কারাগার, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৩৯. | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সুনামগঞ্জ এর সভায় জানান, তাঁর বিভাগে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান,ঋণ আদায় এবং মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান আছে।<br>**সিদ্ধান্ত:**<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ যথাযথভাবে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান, ঋণ আদায় এবং মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ প্রদান কার্যক্রমে আরও সচেষ্ট হওয়ার জন্য জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ। |
| ৪০. | **জালালাবাদ গ্যাস** | ব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সুনামগঞ্জ সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কাযক্রম যথাযথ ভাবে পরিচালিত হচ্ছে।<br>**সিদ্ধান্ত:** ক)জেলা উন্নয়ন সমন্বয় কমিটির কার্যপত্র যথাসময়ে এ কাযালয়ে প্রেরণের জন্য ব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক,<br>জালালাবাদ গ্যাস,<br>সুনামগঞ্জ। |
| ৪১. | **জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো** | সহকারি পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, সুনামগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে।<br>**সিদ্ধান্ত:**<br>কমিউনিটি লার্নিং সেন্টার (সিএলসি) নির্মাণ এবং তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, সুনামগঞ্জ। |
| ৪২. | **মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম** | সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক পাঠাগার স্থাপন প্রকল্প, সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁরবিভাগের বিষয়ে কোন আলোচনা করা যায়নি।<br>**সিদ্ধান্ত:**<br>নিয়মিত কার্যপত্র প্রেরণ এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সহকারি পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক পাঠাগার স্থাপন প্রকল্প, সুনামগঞ্জ। |
| ৪৩. | **বিটিসিএল** | সহকারী প্রকৌশলী, বিটিসিএল, সুনামগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। প্রতিটি ইউনিয়নে ইন্টারনেট সংযোগ দেয়া হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) নিয়মিত কার্যপত্র প্রেরণ এবং তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্যসহকারী প্রকৌশলী, বিটিসিএল, সুনামগঞ্জ কে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী,বিটিসিএল,<br>সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৪৪. | **তথ্য ও গণযোগাযোগ** | জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ সভায় জানান যে, গ্রামীণ জনগোষ্ঠির উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের সংগীত ০৪ টি, চলচিত্র প্রদর্শনী -১২ টি, এবং মহিলা সভাবেশ ০১ টি করা হয়েছে। শিক্ষা, স্বাস্থ্য, যৌতুক, স্যানিটেশন, দুর্নীতি ও মাদক প্রতিরোধ, যৌন হয়রানি, সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ, সরকারি বিভিন্ন সেক্টরের সাফল্য অর্জন ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন বিষয়ের উপর আলোচনা সভা- ০১টি, মহিলা সমাবেশ- ০৩টি, ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে উঠান বৈঠক- ০১টি, সড়ক প্রচার- ২০দিন, কমিউনিটি সভা-০৪দিন, পিএই কভারেজ- ১২টি এবং সংগীতানুষ্ঠান- ০৪দিন করা হয়েছে।<br>**সিদ্ধান্ত :**<br>গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন আলোচনা সভা করার জন্য জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ। |
| ৪৫. | **বিআরডিবি** | উপ-পরিচালক, বিআরডিবি, সুনামগঞ্জ সভায় জানান,এ জেলার ১১টি উপজেলায় ৮৮টি ইউনিয়নে তাঁর বিভাগের বিভিন্ন প্রকল্প/কর্মসূচি চলমান আছে এবং অন্যান্য ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ আদায়ের জন্য উপ-পরিচালক, বিআরডিবি, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-পরিচালক,<br>বিআরডিবি,<br>সুনামগঞ্জ। |
| ৪৬. | **যুব উন্নয়ন অধিদপ্তর** | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ সভায় জানান যুব ও মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদানে তাঁর বিভাগে কার্যক্রম চলমান আছে।<br>**সিদ্ধান্ত:**<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ যুব ও মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-পরিচালক,<br>যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৪৭. | **বিআরটিএ** | সহকারী পরিচালক, বিআরটিএ,সুনামগঞ্জ সভায় জানান,সেপ্টেম্বর/২০১৮ মাসে ১৩১ যানবাহন রেজিস্ট্রেশন, এবং ৪১ টি ড্রাইভিং লাইসেন্স নবায়ন ও এ পর্যন্ত মোট ১০,১৪,৭১৯/- টাকা রাজস্ব আদায় করা হয়েছে। সড়ক নিরাপত্তার প্রয়োজনে বিদ্যমান আইনের ভিতর থেকে জেলার সকল সড়কে শিক্ষার্থী/যাত্রী সাধারণসহ সকলের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। সড়কের গুরুত্বপূর্ণ পয়েন্টে জেব্রা ক্রসিং,ট্রাফিক নিয়ন্ত্রণ, সড়কের ডান পার্শ্ব দিয়ে চলাফেরার বিষয়টি জনসচেতনতার মাধ্যমে নিশ্চিত করতে হবে। ফিটনেসবিহীন, অনিবন্ধিত ও মেয়াদ উত্তীর্ণ যানবাহন নিয়ন্ত্রণে অভিযান অব্যাহত রাখতে হবে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) সড়কে শিক্ষার্থী/যাত্রী সাধারণসহ সকলের নিরাপত্তা নিশ্চিত করা এবং সড়কের গুরুত্বপূর্ণ পয়েন্টে জেব্রাক্রসিং, ট্রাফিক নিয়ন্ত্রণ, সড়কের ডান পার্শ্ব দিয়ে চলাফেরার বিষয়টি জনসচেতনতার মাধ্যমে নিশ্চিত করার জন্য সহকারী পরিচালক, বিআরটিএ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) ফিটনেসবিহীন,অনিবন্ধিত ও মেয়াদ উত্তীর্ণ যানবাহন নিয়ন্ত্রণে অভিযান বৃদ্ধির জন্য সহকারী পরিচালক, বিআরটিএ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>গ) লাইসেন্স ও রেজিস্ট্রেশন করতে এসে কেউ যেন হয়রানির শিকার না হয় সে ক্ষেত্রে সর্তক দৃষ্টি রাখার জন্য সহকারী পরিচালক, বিআরটিএ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সহকরী পরিচালক, বিআরটিএ, সুনামগঞ্জ। |
| ৪৮. | **স্কাউট কার্যক্রম** | সম্পাদক, জেলা স্কাউটস, সুনামগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে।<br>**সিদ্ধান্ত:** সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, নিয়মিত সভায় উপস্থিতি এবং নিয়মিত কার্যপত্র প্রেরণের জন্য সম্পাদক, জেলা স্কাউটস, সুনামগঞ্জ অনুরোধ করা হয়। | সম্পাদক, জেলা স্কাউটস, সুনামগঞ্জ। |
| ৪৯. | **বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন** | সম্পাদক, জেলা গার্লস গাইড এসোসিয়েশন, সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। কার্যপত্র পাওয়া যায়নি।<br>**সিদ্ধান্ত:**<br>সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, নিয়মিত সভায় উপস্থিতি এবং নিয়মিত কার্যপত্র প্রেরণের জন্য জেলা গার্লস গাইড এসোসিয়েশন, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সম্পাদক, সুনামগঞ্জ জেলা গার্লস গাইড এসোসিয়েশন, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৫০. | **জেলা শিল্পকলা একাডেমি** | জেলা কালচারাল অফিসার, সুনামগঞ্জ জানান, জেলা পর্যায়ে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন অব্যাহত আছে।<br>**সিদ্ধান্ত:**<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ নিয়মিত কার্যপত্র প্রেরণের জন্য জেলা কালচারাল অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা কালচারাল অফিসার, সুনামগঞ্জ। |
| ৫১. | **বিআইডব্লিউটিএ** | নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ, সুনামগঞ্জ এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হয় নি।<br>**সিদ্ধান্ত:**<br>ক) ড্রেজিং করা হচ্ছে এমন নদীগুলো সার্বক্ষণিক তদারকি এবং মাটিগুলো যথাযথ স্থানে ফেলা হচ্ছে কিনা তা সার্বক্ষণিক মনিটরিং এ রাখার জন্য নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) সার্বিক কাজের তথ্য, চার্ট ও পরিপত্র যথাযথভাবে জেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ, সুনামগঞ্জ। |
| ৫২. | **ত্রাণ ও পুনর্বাসন** | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ সভায় জানান যে, তাঁর টিআর, কাবিটা, এলজিএসপিসহ প্রভৃতি প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত আছে।<br>**সিদ্ধান্ত:**<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ সকল প্রকল্প বাস্তবায়ন ও প্রকল্পের পূর্ণাঙ্গ তথ্য, জেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ। |
| ৫৩. | **বিএসটিআই** | ফিল্ড অফিসার, বিএসটিআই, সুনামগঞ্জ সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে।<br>**সিদ্ধান্ত:**<br>নিয়মিত বাজার মনিটরিং,গুণগত মান যাচাই, সার্ভিল্যান্স টিমের কার্যক্রম এবং ভ্রাম্যমান আদালতের কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-পরিচালক (মেট) ও আঞ্চলিক অফিস প্রধান, বিএসটিআই, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | ফিল্ড অফিসার, বিএসটিআই, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৫৪. | **শুদ্ধাচার ও জঙ্গিবাদ** | জাতীয় শুদ্ধাচার কৌশল ও জঙ্গিবাদ সম্পর্কে সভায় গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। সভাপতি জনগণের সেবা প্রাপ্তি নিশ্চিত করার নিমিত্ত নিজ নিজ দায়িত্ব সুচারুভাবে সম্পন্ন করা এবং জঙ্গিবাদ ও সন্ত্রাস প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির জন্য জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ জানান। এছাড়াও প্রতি শুক্রবার জুম্মার নামাজের সময় খুতবা এবং অন্যান্য ধর্মীয় উপসনালয়ে প্রার্থনার সময়ে জঙ্গিবাদ বিরোধী প্রচারণা ও জাতির মঙ্গল কামনায় প্রার্থনা করার জন্য সভায় আলোচনা করা হয়।<br>এছাড়াও সভাপতি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিগত ১১/০৯/২০১৭খ্রি: তারিখ a2i আয়োজিত কর্মশালায় উল্লেখ করা হয়। (১) নাগরিক সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে সারা দেশে কল সেন্টার 333 চালু করা হয়েছে। (২) প্রত্যেক প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েব পোর্টালে প্রদত্ত তথ্যের ভিত্তিতে কল সেন্টার হতে তথ্য ও সেবা প্রদান করা হবে । এই সেবা অক্টোবর/২০১৭ হতে প্রাথমিকভাবে চালু করা হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জানান যে, শুদ্ধাচার কৌশল বিষয়ে কালেক্টরেটের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।<br>**সিদ্ধান্ত:**<br>ক) জনগণের সেবা প্রাপ্তি নিশ্চিত করার নিমিত্ত নিজ নিজ দায়িত্ব নিষ্ঠার সাথে সম্পন্ন করা এবং জঙ্গিবাদ ও সন্ত্রাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির জন্য জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ করা হয়।<br>খ)শুদ্ধাচার কৌশল চর্চার মাধ্যমে সততা ও নিষ্ঠার সাথে জনগণকে সেবা প্রদানের বিষয়টি নিশ্চিতকরণের জন্য সকল অফিস প্রধানগণকে অনুরোধ জানানো হয়। | ক) পুলিশ সুপার, সুনামগঞ্জ।<br>খ) উপজেলা পরিষদচেয়ারম্যান, সুনামগঞ্জ(সকল)।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।<br>ঘ) জেলা পর্যায়েরসকল দপ্তর প্রধান।<br>ঙ) বিভাগীয় প্রধান (সকল)। |
| ৫৫. | **পর্যটন উন্নয়ন সংক্রান্ত** | সুনামগঞ্জ জেলাকে পর্যটন আকর্ষণীয় হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্থানীয়ভাবে পরিকল্পনা গ্রহণপূর্বক বিভিন্ন বিভাগ দপ্তর ও স্থানীয় সরকারী প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্ত:**পর্যটন উন্নয়ন বিষয়ে স্থানীয়ভাবে পরিকল্পনা গ্রহণে বিভিন্ন বিভাগ দপ্তর ও স্থানীয় সরকারী প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে পরিকল্পনা গ্রহণ এবং জেলা ব্র্যান্ডিংকে যথাযথভাবে উপস্থাপনের বিষয়ে কার্যক্রম জোরদার করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৫৬. | **ভিক্ষুক পুনর্বাসন** | মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা মোতাবেক দেশকে ভিক্ষুক মুক্তকরণের কার্যক্রমের লক্ষ্যে তহবিল সংগ্রহের জন্য সুনামগঞ্জ জেলার জেলা ও উপজেলা পর্যায়ের সকল বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের ০১ (এক) দিনের বেতন কর্তন করে ভিক্ষুকদের কর্মসংস্থান ও পুনর্বাসনের জন্য সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করতে হবে।<br>**সিদ্ধান্ত:**জেলা ও উপজেলা পর্যায়ের সকল বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের ০১ (এক) দিনের বেতন কর্তনপূর্বক সোনালী ব্যাংক লি:, সুনামগঞ্জ শাখায় পরিচালিত চলতি হিসাব নম্বর- ৫৯১০৫০২০০২০২১ (ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি) তে জমা প্রদান করে ব্যাংক এর জমা রশিদে জমাকারীর অফিস/অফিস প্রধানের স্বাক্ষর সংযুক্ত অগ্রায়নপত্রসহ অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ।<br>২। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>৩। জেলা/উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান। |
| ৫৭. | **ভোক্তা অধিকার সংরক্ষণ** | সভাপতি,ক্যাব, সুনামগঞ্জ ক্রেতাদের ভোক্তা অধিকার সংরক্ষনের বিষয়ে আলোচন করেন। ভোক্তাদের অধিকার নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট আহ্বান জানান।<br>**সিদ্ধান্ত :** ভোক্তাদের অধিকার নিশ্চিতকল্পে সহকারী পরিচালক, ভোক্ত অধিকার সংরক্ষন বিভাগ, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | |
| ৫৮ | **বিবিধ** | যে সকল দপ্তর/বিভাগের প্রধান/ প্রতিনিধি সভায় উপস্থিত হননি সে সকল দপ্তর/বিভাগের কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা সম্ভব হয়নি। এতে সভাপতি সভায় অসন্তোষ প্রকাশ করেন।<br>**সিদ্ধান্ত:**<br>ক) যে সকল দপ্তর/বিভাগের প্রধান/প্রতিনিধি সভায় উপস্থিত হননি সে সকল দপ্তর/বিভাগের প্রধানগণকে জেলা উন্নয়ন সমন্বয় সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হয়।<br>খ) সভাপতি বলেন জেলা পর্যায়ে অনেক প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালে প্রয়োজনীয় তথ্য হালনাগাদ না হওয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।<br>গ) জেলা পর্যায়ে প্রত্যেক প্রতিষ্ঠানকে নিজ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রয়োজনীয় তথ্য জরুরি ভিত্তিতে হালনাগাদ করার জন্য সকল অফিস প্রধানগণকে অনুরোধ করা হয়। | জেলা পর্যায়েরসকল দপ্তর প্রধান। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আব্দুল আহাদ
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০১৫.০৬.০০১.১৬.৮

তারিখ: ২০ পৌষ ১৪২৫
০৩ জানুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

৭) প্রকল্প পরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, ড্রেজিং বিভাগ,বি.আই.ডব্লিই.টি.এভবন, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

মো: হারুন অর রশীদ
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)